দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 SEP 1995
পৃষ্ঠা ১ কলাম ৩

# অনন্য গণশিক্ষা ॥ পরীক্ষা দিল ২ লাখ

মোনাজাতউদ্দীন

উত্তরবঙ্গের সীমান্ত জনপদ লালমনিরহাটে মঙ্গলবার প্রায় সোয়া দু' লাখ বয়স্ক নরনারী তাদের গত ৬ মাসের একটানা শিক্ষা শেষে মূল্যায়ন পরীক্ষা দেন। জেলার ৫টি থানার ৬০১টি কেন্দ্রে এই মূল্যায়ন পরীক্ষা হয়েছে। প্রত্যন্ত গ্রাম-গ্রামান্তর থেকে নারী-পুরুষের দল স্বতস্ফূর্তভাবে পরীক্ষা কেন্দ্রগুলোতে এসে পরীক্ষা দিয়েছেন। দিনটি ছিল উৎসবমুখর। 'মূল্যায়ন পরীক্ষা' দেখার জন্য গ্রামের আবালবৃদ্ধবণিতা, এখনও যাঁরা গণশিক্ষা কার্যক্রমের বাইরে রয়েছেন, তাঁরাও ভিড় করেন। শিক্ষার ব্যাপারে গ্রামের মেয়েদের উৎসাহ লক্ষ্য করা যায় বেশি।

মূল্যায়ন পরীক্ষার পর, শিক্ষার্থীদের সাথে কথা বললে, এটা বোঝা যায় যে, লিখতে ও পড়তে পারায় তারা মহাখুশি। লেখাপড়া শিখে এখন সমাজের ন্যায়-অন্যায় বুঝতে পারে। অনেকে সামাজিকভাবে সচেতনও হয়েছেন। আরেকটি ব্যাপার লক্ষ্যণীয়ঃ শিক্ষার্থী যুবক বা বৃদ্ধ, যুবতী বা বৃদ্ধা যে-ই হোক, যে বয়স বা পেশারই হোক, তাঁরা আরও

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## গণশিক্ষা

(প্রথম পাতার পর)

পড়তে চায়, আরও শিখতে চায়, আরও লেখাপড়া করে তাঁরা দেশদুনিয়া সম্পর্কে জানতে চায়। তাঁরা কেউ কেউ ইংরেজী পর্যন্ত পড়তে আগ্রহী।

মূল্যায়নের প্রাথমিক তথ্যে দেখা যায় যে, অধিকাংশ শিক্ষার্থী তাঁদের পাঠ্য বই থেকে কোন কিছু পড়তে এবং তা বুঝতে পারে। তাঁরা ছোটখাটো অঙ্ক করতে পারে। অনেকে ফসলআবাদ বা সাংসারিক খরচাপাতির হিসাব রাখতে পারে। ভিন্ন স্টাইলে পরিচালিত লালমনিরহাটের এ গণশিক্ষা কার্যক্রমটিতে সরকারী-বেসরকারী কর্মকর্তা, সকল রাজনৈতিক দলের নেতাকর্মী, শিক্ষক, শিক্ষিত বেকার যুবক-যুবতীসহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ জড়িত হয়ে পড়েছেন। গণশিক্ষা কার্যক্রমের নেতৃত্ব দিচ্ছেন জেলা প্রশাসক কাজী ফরিদ আহমেদ। কিন্তু সমস্যা দেখা দিয়েছে '৯৩ সাল থেকে এ জেলায় গণশিক্ষা কার্যক্রম চালু হলেও এখনও তার বিকল্প নেতৃত্ব গড়ে ওঠেনি। ফলে, বর্তমান জেলা প্রশাসক বদলি হয়ে গেলে এ কার্যক্রমটিতে নেতৃত্বের শূন্যতা সৃষ্টি হতে পারে।

জানা গেছে, 'লালমনিরহাট গণশিক্ষা সমিতি' গণশিক্ষা মূল্যায়ন পরবর্তী পরিকল্পনা গ্রহণ করেছে। এর মধ্যে রয়েছে দারিদ্র্যবিমোচন কর্মসূচীর আওতায় স্বল্পসুদে ঋণ প্রদান, গ্রাম পর্যায়ে পাঠাগার স্থাপন, ১০-১৫ বছর বয়স্কদের জন্য উপ-আনুষ্ঠানিক শিক্ষাকেন্দ্র স্থাপন। অবশ্য সবকিছু নির্ভর করছে টাকা কতটা পাওয়া যাবে, তার ওপর।

লালমনিরহাটের গণশিক্ষা কর্মসূচীর জন্য ইনফেপ এ পর্যন্ত সাড়ে তিন কোটি টাকা ও সমাজকল্যাণ বিভাগ এক কোটি টাকা দিয়েছে। পরবর্তী কর্মসূচী পুরোপুরি বাস্তবায়নের জন্য এর চারগুন বেশি অর্থ প্রয়োজন। আজকের মূল্যায়ন পরীক্ষায় পরীক্ষার্থীদের উপস্থিতি ছিল শতকরা [illegible] ভাগ।